" চৈতন্যচরণ পরদারী।
" ছত্রধর কসুদন্।
" জগচ্চন্দ্র গৌরহর।

বৈদ্য।

" জগদানন্দ বিশারদ।
" জগদীশ কণ্ঠাভরণ।
" জগদ্দুর্লভ সভাভরণ।
" জগদ্বন্ধু ধন্বন্তরি।
" জগদ্বল্লভ কবিভূষণ।
" জগন্নাথ কবিচন্দ্র।
" জগন্মোহন কবিরত্ন।
" জনার্দ্দন কবিকর্ণপুর।

শ্রীজনমেজয় কবিশেখর।
" জয়কৃষ্ণ কবিবল্লভ।
" জয়গোপাল কবীন্দ্র।
" জয়চন্দ্র কবিরাজ।
" জয়নারায়ণ কণ্ঠভূষণ।
" জয়ন্তীরাম রত্নভূষণ।
" জয়মণি বৈদ্যরাজ।
" জয়রাম বৈদ্যশিরোমণি।
" জয়হরি বৈদ্যোত্তম।
" জানকীরাম বৈদ্যরত্ন।
" জানকীবল্লভ বৈদ্যতিলক।
" জিতারাম বৈদ্যেন্দ্র।
" জীবনকৃষ্ণ বৈদ্যচূড়ামণি।
" ঝড়েশ্বর বৈদ্যচন্দ্র।
" টীকারাম সেন।
" ঠাকুরদাস দাস।
" ডামরেশ্বর গুপ্ত।
" ঢুণ্ঢিরাজ দত্ত।
" তপস্যারাম দেব।
" তারকনাথ কর।
" তারাচন্দ্র রাজ।
" তারাপ্রসাদ সোম।
" তারিণীচরণ নন্দী।

" তিলকচন্দ্র চন্দ্র।
" তুলসীরাম ধর।
" তোতারাম কুণ্ড।
" ত্রিপুরাচরণ রক্ষিত।
" ত্রিপুরামোহন বরাট।
কায়স্থ।
" ত্রিপুরাসুন্দর ঘোষ।
" ত্রিলোচন বসু।
" দয়ারাম মিত্র।
" দয়ালচন্দ্র দেব।
" দর্পনারায়ণ দত্ত।
" দাতারাম কর।
" দামোদর পালিত।
" দিগম্বর সেন।
" দিবাকর সিংহ।
" দীননাথ দাস।
" দীনবন্ধু গুহ।
" দীপচন্দ্র রাহা।
" দুর্গাচরণ সোম।
" দুর্গাপ্রসাদ রক্ষিত।
" দুর্য্যোধন সাহা।
" দুর্ল্লভরাম অর্ণব।
" দুষ্টদমন রাজ।
" দেবনাথ চন্দ্র।
" দেবনারায়ণ হোড়।
" দেবীচরণ স্বর।
" দেবীদাস ধর।
" দেবীপ্রসাদ ধরণী।
" দেবেন্দ্রনারায়ণ বাণ।
" দৈবকীনন্দন আইচ।
" দ্বারিকানাথ পই।
" ধনঞ্জয় সুর।
" ধনপতি সাম।
" ধরণীধর ভঞ্জ।
" ধর্ম্মদাস বিন্দ।
" ধুরন্ধর বল।
" নন্দকিশোর পাল।
" নন্দকুমার পিল।
" নন্দদুলাল ইন্দ্র।
" নন্দরাম গুপ্ত।
" নন্দলাল গুত।
" নবকুমার লোধ।
" নবকৃষ্ণ শর্ম্মা।
" নবচৈতন্য বর্ম্মা।

শ্রীনবীনচন্দ্র খিল।
" নয়ানচন্দ্র ভুই।
" নয়নচন্দ্র ভুই।
" নরনারায়ণ রুদ্র।
" নরহরি আদিত্য।
" নরেন্দ্র বিষ্ণু।
" নরোত্তম নাগ।
" নারায়ণদাস ভদ্র।
" নিত্যানন্দ গুম।
" নিধিরাম বঙ্কুর।
" নিতাইচন্দ্র নাথ।
" নিমাইচরণ সাঁই।
" নিরঞ্জন হেশ।
" নীলকণ্ঠ মন।
" নীলকমল গণ্ড।
" নীলমণি রাণা।
" নীলমাধব রাহুত।
" নীলাম্বর খাম।
" পঞ্চানন সানা।
" পদ্মনাভ দাহা।
" পদ্মলোচন দান্না।
" পবনচন্দ্র গণ।
" পরমানন্দ রঙ্গ।

শ্রীপরমেশ্বর উপমান।
" পরশুরাম ক্ষোম।
" পরীক্ষিত অঙ্কুর।
" পান্নালাল ঘর।
" পার্ব্বতীচরণ গুষ।
" পার্ব্বতীনাথ বীদ।
" পীতাম্বর তেজ।
" পুরন্দর আশ।
" পুরুষোত্তম শক্তি।
" পূর্ণচন্দ্র ক্ষেম।
" পূর্ণানন্দ ভুত।
" পৃথ্বীধর ব্রহ্ম।
" প্যারীমোহন শান।
" প্রতাপচন্দ্র হেম।
" প্রতাপাদিত্য বর্দ্ধন।
" প্রদ্যুম্ন গুই।
" প্রসন্নকুমার কীর্ত্তি।
" প্রাণকৃষ্ণ ধনুগুণ।
" প্রাণনাথ যশ।
" প্রাণবল্লভ কুণ্ড।
" প্রেমচন্দ্র শীল।
খোট্টা কায়েত।
" প্রেমনারায়ণ মাথুর।

শ্রীফকীরচন্দ্র ভটনাগর।
" ফণিভূষণ শ্রীবাস্তব।
" বংশীধর সকসেনা।
" বংশীবদন ঐঠানা।
" বঙ্কবিহারী গৌড়।
" বদনচন্দ্র করণ।
" বনমালী অম্বষ্ঠ।
" বন্দীরাম কুলশ্রেষ্ঠ।
" বলভদ্র নিগম।
" বলরাম বাল্মীক।
" বাঞ্ছারাম সূর্য্যধ্বজ।
" বাণীকণ্ঠ উনায়া।

গোপ।

" বাণীকুমার সুর।
" বারাণসীদাস নিয়োগী।
" বালকরাম বিশ্বাস।
" বালকৃষ্ণ পাল।
" বাসুদেব পাঁজা।
" বিজয়কৃষ্ণ ঘোষ।
" বিদ্যাধর পুরকাইত।
" বিনায়ক বক্তাল।
" বিনোদবিহারী পান।
" বিপ্রদাস পড়িয়াল।

শ্রীবিশ্বনাথ কলিয়া।
" বিশ্বম্ভর সাঁতরা।
" বিশ্বেশ্বর সামন্ত।
" বিষ্ণুদাস সাঁফুই।
" বিষ্ণুরাম বাগাঙ্গী।
" বীরভদ্র কুণ্ডর।

মালী।

" বীরেন্দ্রনারায়ণ মান্না।
" বীরেশ্বর শেঠ।
" বৃন্দাবনচন্দ্র মালিক।
" বৃন্দাবনবিহারী দত্ত।
" বৈকুণ্ঠনাথ কর।
" বৈদ্যনাথ দাস।
" বৈষ্ণবচরণ পাল।

তৈলী।

" ব্রজকিশোর কুণ্ড।
" ব্রজনাথ নন্দী।
" ব্রজবল্লভ দেব।
" ব্রজমোহন পাণি।
" ব্রজানন্দ শেঠ।
" ভগবতীচরণ ছিলিমিলি
" ভগবান্‌চন্দ্র মান্না।
" ভগীরথ আশ।

তন্ত্রী।

শ্রীভবদেব দাস।
" ভবানন্দ দত্ত।
" ভবানীচরণ দেব।
" ভবানীপ্রসাদ সেন।
" ভবানীশঙ্কর সিংহ।
" ভরতচন্দ্র পাল।
" ভাগবতচন্দ্র কর।
" ভারতচন্দ্র নন্দী।
" ভীমসেন শীল।
" ভুবনমোহন ভড়।
" ভুবনেশ্বর চন্দ্র।
" ভূপতি আশ।
" ভৈরবচন্দ্র ভোষ।
" ভৈরবীচরণ গুই।
" ভোলানাথ গুজুরি।
" মদনমোহন মান্না।
" মধুসূদন কুণ্ড।
" মনসারাম ভদ্র।
" মনোহর লাহা।
" মহাদেব বীর।
" মহেন্দ্রনাথ রুই।
" মহেন্দ্রনারায়ণ রক্ষিত।

শ্রীমাণিক্যচন্দ্র মুকুলি।
" মাধবচন্দ্র মাকড়।
" মাধবরাম শেঠ।
" মুকুটমণি বসাক।

মোদক।

" মুকুন্দরাম ঢাকী।
" মুকুন্দানন্দ মান্না।
" মুক্তারাম দাস।
" মুরলীধর ধাড়া।
" মুরহর আশপতি।
" মৃত্যুঞ্জয় বাঘ।
" মোহনচন্দ্র মালিক।
" মোহনপ্রসাদ নাগ।
" মোহিনীমোহন গাদী
" যজ্ঞেশ্বর লাডু।

বারুজী।

" যদুনন্দন নন্দী।
" যদুনাথ দেব।
" যমুনাদাস দত্ত।
" যশোদানন্দন কুণ্ড।
" যশোধর আশ।
" যাদবচন্দ্র গুই।
" যাদবানন্দ মুলা।

শ্রীযাদবেন্দ্র পাল।

কুলাল।

" যুগলকিশোর পাল।
" যুধিষ্ঠির কুণ্ডু।
" রঘুনন্দন চাক।
" রঘুনাথ সিগিড়ী।

কর্ম্মকার।

" রতিকান্ত দাস।
" রমানাথ দত্ত।
" রমাবল্লভ মাথুর।
" রত্নেশ্বর সাহা।
" রমেশ্বর শীল।
" রসময় বাঘ।
" রসিকলাল সেন।
" রসিকমোহন কুচিন্যা।
" রাঘবরাম দেব।
" রাজকিশোর গাছু।

নাপিত।

" রাজকৃষ্ণ ধাড়া।
" রাজনারায়ণ খটেল।
" রাজবল্লভ বাঘ।
" রাজারাম দাস।
" রাজেন্দ্রনারায়ণ রাণা।

শ্রীরাজীবলোচন চন্দ্র।
" রাধাকান্ত মামা।
" রাধাকিশোর লাহা।
" রাধাকৃষ্ণ বেজ।

গন্ধবর্ণিক।

" রাধারমণ দত্ত।
" রাধানাথ পাল।
" রাধাপ্রসাদ সিংহ।
" রাধামাধব সেন।
" রাধামোহন দাস।
" রাধিকাদাস রুদ্র।
" রামকমল কর।
" রামকানাই কুণ্ডু।
" রামকান্ত ভদ্র।
" রামকিঙ্কর দাঁ।
" রামকিশোর সাহা
" রামকুমার চেঁক্‌চি।
" রামকৃষ্ণ নাগ।
" রামগতি লাহা।

কংসকার।

" রামগোপাল দত্ত।
" রামচন্দ্র গুই।
" রামচরণ দেব।

শ্রীরামজীবন নন্দী।
" রামতনু দাস।
" রামরতন নন্দন।
উগ্রী।
" রামতোষণ কুণ্ড।
" রামদাস কুণ্ডর।
" রামদুলাল কেশ।
" রামধন ভা।
" রামনাথ পাল।
" রামনৃসিংহ দত্ত।
" রামনিধি পো।
" রামপতি সাম।
" রামপ্রসাদ দেব।
তাম্বুলী।
" রামপ্রাণ সিংহ।
" রামভদ্র রক্ষিত।
" রামমোহন দেব।
" রামরত্ন আশ।
" রামরাঘব গুহ।
" রামশঙ্কর কুণ্ড।
" রামশরণ কর।
" রামসেবক পাল।
" রামহরি নন্দী।

শ্রীরামানন্দ সানাই।
" রামেশ্বর [illegible]।
" রাসবিহারী সেন।
" রুক্মিণীকান্ত দত্ত।
শঙ্খকার।
" রুক্মিণীনাথ হাঁশ।
" রূপচন্দ্র ভদ্র।
" রূপনারায়ণ কুণ্ড।
" রূপরাম দত্ত।
" রেবতী রমণ চন্দ্র।
" লম্বোদর নন্দী।
" লক্ষ্মণ বন্ধু।
কৈবর্ত্ত।
" লক্ষ্মীকান্ত দাস।
" লক্ষ্মীনারায়ণ হাঁচড়া।
" লালবিহারী আদক।
" লোকনাথ বাঘ।
" শঙ্কর পাল।
শত্রুঘ্ন গোল।
" শম্ভুচন্দ্র বারিক।
" শম্ভুনাথ সাঁতরা।
" শশিশেখর কলিয়া।
" শান্তিরাম মাড়ু।

শ্রীশিবকৃষ্ণ মান্না।
সুবর্ণবনিক।
" শিবচন্দ্র দেব।
" শিবদয়াল দত্ত।
" শিবদাস ধর।
" শিবরাম লাহা॥
" শোভারাম সেন।
" শ্যামসুন্দর নন্দী।
" শ্যামাচরণ পাল।
" শ্যামাপ্রসাদ বর্দ্ধন।
" শ্রীকান্ত নাথ।
" শ্রীকৃষ্ণ চন্দ্র।
" শ্রীদামচন্দ্র বড়াল।
" শ্রীনাথ আঢ্য।
" শ্রীনারায়ণ শীল।
" শ্রীনিবাস সিংহ।
" শ্রীরাম দাস।
" শ্রীপতি দাঁ।
" শ্রীহরি পাণি।
বিষয়ী।
" শ্রীহর্য রায়রায়ান্।
" ষষ্ঠীদাস কানুনগো।
" সদাশিব মজুমদার।

শ্রীসদানন্দ রায়।
" সনাতন চৌধুরী।
" সর্ব্বানন্দ বিশ্বাস।
" সরূপচন্দ্র শিকদার
" সর্ব্বেশ্বর দেওয়ান
" সারদাপ্রসাদ নায়েব
" সীতানাথ পেসকার
" সীতারাম কারকুন
" সুবলচন্দ্র হাওয়ালা
" সুব্রহ্মণ্য করোরী।
" সূর্য্যকুমার কাঞ্জরা
" সৃষ্টিধর ব্যবহর্ত্তা।
" হরকুমার সরখেল
" হরচন্দ্র মাহাতি।
" হরনারায়ণ পাটওয়ারি
" হরলাল মুহরির।
" হরানন্দ মুনসী।
" হরিদেব বক্শী।
" হরিনারাণ নাজীর
" হরিমোহন জমাদার
" হরিশ্চন্দ্র মৃধা।
" হরিহর লস্কর।
" হরেকৃষ্ণ ভুঁয়া।

শ্রীহর্ষানন্দ মল্লিক।
" হলধর খাঁ।
" হীরারাম সরকার।
" হৃদয়রাম মণ্ডল।
" হৃষীকেশ প্রামাণিক।
" হেমচন্দ্র তলাপাত্র।

শ্রীহেরম্বচন্দ্র মহাপাত্র।
" ক্ষেত্রপাল মুস্তোফী।
" ক্ষেত্রমোহন অধিকারী।
" ক্ষেমঙ্কর ফৌজদার।
" ক্ষেমচন্দ্র তরফদার।
" ক্ষেমানন্দ কেরাণী।

সংখ্যা পূরণ বাচক।

পহিলা	প্রথম	ষোলই	ষোড়শঃ
দোসরা	দ্বিতীয়ঃ	সতেরই	সপ্তদশঃ
তেসরা	তৃতীয়ঃ	আঠারই	অষ্টাদশঃ
চৌঠা	চতুর্থঃ	ঊনিশা	ঊনবিংশঃ
পাঁচই	পঞ্চমঃ	বিশা	বিংশঃ
ছয়ই	ষষ্ঠঃ	একইশা	একবিংশঃ
সাতই	সপ্তমঃ	বাইশা	দ্বাবিংশঃ
আটই	অষ্টমঃ	তেইশা	ত্রয়োবিংশঃ
নয়ই	নবমঃ	চব্বিশা	চতুর্ব্বিংশঃ
দশই	দশমঃ	পঁচিশা	পঞ্চবিংশঃ
এগারই	একাদশঃ	ছাব্বিশা	ষড়্বিংশঃ
বারই	দ্বাদশঃ	সাতাইশা	সপ্তবিংশঃ
তেরই	ত্রয়োদশঃ	আটাইশা	অষ্টাবিংশঃ
চৌদ্দই	চতুর্দ্দশঃ	ঊনত্রিশা	ঊনত্রিংশঃ
পোনেরই	পঞ্চদশঃ	ত্রিশা	ত্রিংশঃ

সংখ্যা এবং অঙ্ক।

এক	১	একঃ
দুই	২	দ্বৌ
তিন	৩	ত্রয়ঃ
চারি	৪	চত্বারঃ
পাঁচ	৫	পঞ্চ
ছয়	৬	ষট্
সাত	৭	সপ্ত
আট	৮	অষ্ট
নয়	৯	নব
দশ	১০	দশ
এগার	১১	একাদশ
বার	১২	দ্বাদশ
তের	১৩	ত্রয়োদশ
চৌদ্দ	১৪	চতুর্দ্দশ
পোনের	১৫	পঞ্চদশ
ষোল	১৬	ষোড়শ
সতের	১৭	সপ্তদশ
আঠার	১৮	অষ্টাদশ
উনিশ	১৯	উনবিংশতিঃ

বিশ-কুড়ি	২০	বিংশতিঃ
একুইশ	২১	একবিংশতিঃ
বাইশ	২২	দ্বাবিংশতিঃ
তেইশ	২৩	ত্রয়োবিংশতিঃ
চব্বিশ	২৪	চতুর্ব্বিংশতিঃ
পঁচিশ	২৫	পঞ্চবিংশতিঃ
ছাব্বিশ	২৬	ষড়্বিংশতি
সাতাইশ	২৭	সপ্তবিংশতিঃ
আটাইশ	২৮	অষ্টাবিংশতিঃ
ঊনত্রিশ	২৯	ঊনত্রিংশৎ
ত্রিশ	৩০	ত্রিংশৎ
একত্রিশ	৩১	একত্রিংশৎ
বাত্রিশ	৩২	দ্বাত্রিংশৎ
তেত্রিশ	৩৩	ত্রয়স্ত্রিংশৎ
চৌত্রিশ	৩৪	চতুস্ত্রিংশৎ
পঁইত্রিশ	৩৫	পঞ্চত্রিংশৎ
ছত্রিশ	৩৬	ষট্ত্রিংশৎ
সাঁইত্রিশ	৩৭	সপ্তত্রিংশৎ
আটত্রিশ	৩৮	অষ্টাত্রিংশৎ
ঊনচল্লিশ	৩৯	ঊনচত্বারিংশৎ

চল্লিশ	৪০	চত্বারিংশৎ
একচল্লিশ	৪১	একচত্বারিংশৎ
বেয়াল্লিশ	৪২	দ্বাচত্বারিংশৎ
তেতাল্লিশ	৪৩	ত্রিচত্বারিংশৎ
চৌয়াল্লিশ	৪৪	চতুশ্চত্বারিংশৎ
পঁয়তাল্লিশ	৪৫	পঞ্চচত্বারিংশৎ
ছেচাল্লিশ	৪৬	ষট্চত্বারিংশৎ
সাতচল্লিশ	৪৭	সপ্তচত্বারিংশৎ
আটচল্লিশ	৪৮	অষ্টচত্বারিংশৎ
উনপঞ্চাশ	৪৯	ঊনপঞ্চাশৎ
পঞ্চাশ	৫০	পঞ্চাশৎ
একান্ন	৫১	একপঞ্চাশৎ
বাওয়ান্ন	৫২	দ্বিপঞ্চাশৎ
তিপ্পান্ন	৫৩	ত্রিপঞ্চাশৎ
চৌয়ান্ন	৫৪	চতুঃপঞ্চাশৎ
পঞ্চান্ন	৫৫	পঞ্চপঞ্চাশৎ
ছাপ্পান্ন	৫৬	ষট্পঞ্চাশৎ
সাতান্ন	৫৭	সপ্তপঞ্চাশৎ
আটান্ন	৫৮	অষ্টপঞ্চাশৎ
উনষাইট	৫৯	ঊনষষ্টিঃ

ষাইট	৬০	ষষ্টিঃ
একষাট্টি	৬১	একষষ্টিঃ
বাষাট্টি	৬২	দ্বিষষ্টিঃ
তেষাট্টি	৬৩	ত্রিষষ্টিঃ
চৌষাট্টি	৬৪	চতুঃষষ্টিঃ
পঁয়ষাট্টি	৬৫	পঞ্চষষ্টিঃ
ছেষাট্টি	৬৬	ষট্‌ষষ্টিঃ
সাতষাট্টি	৬৭	সপ্তষষ্টিঃ
আটষাট্টি	৬৮	অষ্টষষ্টিঃ
ঊনসত্তর	৬৯	ঊনসপ্ততিঃ
সত্তর	৭০	সপ্ততিঃ
একাত্তর	৭১	একসপ্ততিঃ
বাহাত্তর	৭২	দ্বিসপ্ততিঃ
তেয়াত্তর	৭৩	ত্রিসপ্ততিঃ
চৌয়াত্তর	৭৪	চতুঃসপ্ততিঃ
পঁচাত্তর	৭৫	পঞ্চসপ্ততিঃ
ছেয়াত্তর	৭৬	ষট্‌সপ্ততিঃ
সাতাত্তর	৭৭	সপ্তসপ্ততিঃ
আটাত্তর	৭৮	অষ্টসপ্ততিঃ
ঊনআশী	৭৯	ঊনাশীতি

আশী	৮০	অশীতিঃ
একাশী	৮১	একাশীতিঃ
বিরাশী	৮২	দ্ব্যশীতিঃ
তিরাশী	৮৩	ত্র্যশীতিঃ
চৌরাশী	৮৪	চতুরশীতিঃ
পঁচাশী	৮৫	পঞ্চাশীতিঃ
ছেয়াশী	৮৬	ষড়শীতিঃ
সাতাশী	৮৭	সপ্তাশীতিঃ
আটাশী	৮৮	অষ্টাশীতিঃ
উননই	৮৯	ঊননবতিঃ
নই · নব্বই	৯০	নবতিঃ
একানই	৯১	একনবতিঃ
বিরানই	৯২	দ্বিনবতিঃ
তিরানই	৯৩	ত্রিনবতিঃ
চৌরানই	৯৪	চতুর্নবতিঃ
পঁচানই	৯৫	পঞ্চনবতিঃ
ছেয়ানই	৯৬	ষণ্ণবতিঃ
সাতানই	৯৭	সপ্তনবতিঃ
আটানই	৯৮	অষ্টনবতিঃ
নিরানই	৯৯	নবনবতিঃ

শত	১০০	শতং
হাজার	১০০০	সহস্রং
দশহাজার	১০০০০	অযুতং
লাক	১০০০০০	লক্ষং
দশলাক	১০০০০০০	নিযুতং
ক্রোর	১০০০০০০০	কোটিঃ
দশক্রোর	১০০০০০০০০	অর্ব্বুদং
একশতক্রোর	১০০০০০০০০০	বৃন্দঃ
হাজারক্রোর	১০০০০০০০০০০	খর্ব্বঃ
দশহাজারক্রোর	১০০০০০০০০০০০	নিখর্ব্বঃ
লাকক্রোর	১০০০০০০০০০০০০	শঙ্খঃ
দশলাকক্রোর	১০০০০০০০০০০০০০	পদ্মঃ
একশতলাকক্রোর	১০০০০০০০০০০০০০০	সাগরঃ
হাজারলাকক্রোর	১০০০০০০০০০০০০০০০	অন্ত্যং
দশহাজারলাকক্রোর	১০০০০০০০০০০০০০০০০	মধ্যং
লাকলাকক্রোর	১০০০০০০০০০০০০০০০০০	পরার্দ্ধং

একং দশ শতঞ্চৈব সহস্র মযুতং তথা ।
লক্ষঞ্চ নিযুতং চৈব কোটিরর্ব্বুদ মেবচ ॥
বৃন্দঃ খর্ব্বো নিখর্ব্বশ্চ শঙ্খ পদ্মোচ সাগরঃ ।
অন্ত্যং মধ্যং পরার্দ্ধঞ্চ দশবৃদ্ধ্যা যথাক্রমং ॥

কাল নির্ণয়।

অকৃত্রিম চক্ষুস্পন্দন কালের নাম নিমেষ ১৮ নিমিষে কাষ্ঠা, ৩০ কাষ্ঠাতে কলা, ৩০ কলাতে ক্ষণ ৬ ক্ষণে দণ্ড অথবা ৬০ বিপলে পল, ৬০ পলে দণ্ড ২ দণ্ডে মুহূর্ত্ত, ৩০ মুহূর্ত্তে দিবা ৬০ দণ্ডে দিবা রাত্রে ১৫ দিনে পক্ষ, ২ পক্ষে কিম্বা ৩০ দিনে মাস, মাসে ঋতু, ৩ ঋতুতে কিম্বা ৬ মাসে অয়ন ২ অয়নে কিম্বা ১২ মাসে বৎসর হয়।

বার।

রবি। সোম। মঙ্গল। বুধ। বৃহস্পতি। শুক্র। শনি এবং রাহু ও কেতুর সহিত নবগ্রহ সংজ্ঞা হয়।

তিথি।

প্রতিপৎ। দ্বিতীয়া। তৃতীয়া। চতুর্থী। পঞ্চমী ষষ্ঠী। সপ্তমী। অষ্টমী। নবমী। দশমী। একাদশী দ্বাদশী। ত্রয়োদশী। চতুর্দ্দশী। পূর্ণিমা ও অমাবস্যা।

চন্দ্রকলা বৃদ্ধি কালাবধি পূর্ণত্ব হেতু প্রতিপদা পূর্ণিমা পর্য্যন্ত ১৫ তিথিকে শুক্লপক্ষ কহে। এবং চন্দ্রকলা হ্রাসতাবধি অদৃশ্যত্ব হেতু প্রতিপদা অমাবস্যা পর্য্যন্ত ১৫ তিথিকে কৃষ্ণপক্ষ কহে।

মাস।

বৈশাখ। জ্যৈষ্ঠ। আষাঢ়। শ্রাবণ। ভাদ্র। আশ্বিন। কার্ত্তিক। অগ্রহায়ণ। পৌষ। মাঘ। ফাল্গুন। চৈত্র। মাস চারি প্রকার হয় সৌর, সাবন, চান্দ্র, নাক্ষত্র।

নক্ষত্র।

অশ্বিনী। ভরণী। কৃত্তিকা। রোহিণী। মৃগশিরা। আর্দ্রা। পুনর্ব্বসু। পুষ্যা। অশ্লেষা। মঘা। পূর্ব্বফল্গুনী। উত্তরফল্গুনী। হস্তা। চিত্রা। স্বাতী। বিশাখা। অনুরাধা। জ্যেষ্ঠা। মূলা। পূর্ব্বাষাঢ়া। উত্তরাষাঢ়া। শ্রবণা। ধনিষ্ঠা। শতভিষা। পূর্ব্বভাদ্রপদ। উত্তরভাদ্রপদ। রেবতী। এবং অভিজিৎ সহিত ২৮ নক্ষত্র হয়।

যোগ।

বিষ্কুম্ভ। প্রীতি। আয়ুষ্মান। সৌভাগ্য। শোভন। অতিগণ্ড। সুকর্ম্মা। ধৃতি। শূল। গণ্ড। বৃদ্ধি। ধ্রুব। ব্যাঘাত। হর্ষণ। বজ্র। অসৃক। ব্যতীপাত। বরীয়ান। পরিঘ। শিব। সাধ্য। সিদ্ধি। শুভ। শুক্র। ব্রহ্ম। ইন্দ্র। বৈধৃতি।

করণ।

বব। বালব। কৌলব। তৈতিল। বণিজ। গর
বিষ্টি। শকুনি। চতুষ্পদ। কিন্তুঘ্ন। নাগ।

রাশি।

মেষ। বৃষ। মিথুন। কর্কট। সিংহ। কন্যা।
তুলা। বৃশ্চিক। ধনুঃ। মকর। কুম্ভ। মীন।

প্রচলিত সংখ্যা বাচক শব্দের নাম।

কালত্রয়ের নাম।

ভূত। ভবিষ্যৎ। বর্ত্তমান।

গুণত্রয়ের নাম।

সত্ত্ব। রজঃ। তমঃ।

লোকত্রয়ের নাম।

স্বর্গ। মর্ত্ত্য। পাতাল।

অবস্থাত্রয়ের নাম।

বাল্যাবস্থা। যৌবনাবস্থা। বৃদ্ধাবস্থা।

অপরপক্ষে।

জাগ্রদবস্থা। সুষুপ্ত্যবস্থা। স্বপ্নাবস্থা।

ত্রিতাপের নাম।

আধ্যাত্মিক। আধিভৌতিক। আধিদৈবিক।

ত্রিসন্ধ্যার নাম।

প্রাহ্ণ। মধ্যাহ্ন। পরাহ্ণ।

চতুর্যুগের নাম।

সত্য। ত্রেতা। দ্বাপর। কলি।

চতুর্বেদের নাম।

ঋক্। যজুঃ। সাম। অথর্ব্ব।

চতুর্ব্বিধ ভূত গ্রামের নাম।

জরায়ুজ। অণ্ডজ। স্বেদজ। উদ্ভিজ্জ।

চতুর্ব্বর্ণের নাম।

ব্রাহ্মণ। ক্ষত্রিয়। বৈশ্য। শূদ্র।

চতুর্ব্বর্গের নাম।

ধর্ম্ম। অর্থ। কাম। মোক্ষ।

চতুর্ব্বিধ আশ্রমের নাম।

ব্রহ্মচর্য্য। গার্হস্থ্য। বানপ্রস্থ। ভৈক্ষ্য।

চতুরঙ্গিণী সেনার নাম।

হস্তী। অশ্ব। রথ। পদাতি।

এক হস্তী, এক রথ, তিন অশ্ব, পঞ্চ পদাতি, এতদ সমুদয়ের নাম পত্তি।

তিন পত্তির নাম। সেনামুখ।

তিন সেনামুখের নাম। গুল্ম।

তিন গুল্মের নাম। গণ।

তিন গণের নাম। বাহিনী।

তিন বাহিনীর নাম। পৃতনা।

তিন পৃতনার নাম। চমূ।

তিন চমূর নাম। অনীকিনী।

দশ অনীকিনীর নাম। অক্ষৌহিণী।

অতএব এক অক্ষৌহিণীতে ২১৮৭০ হস্তী, ২১৮ রথ, ৬৫৬১০ অশ্ব, ১০৯৩৫০ পদাতি এতদ্ সমু ২১৮৭০।

চতুর্ব্বিধ খাদ্যদ্রব্যের নাম।

চর্ব্ব্য। চূষ্য। লেহ্য। পেয়।

পঞ্চভূতের নাম।

ক্ষিতি। অপ। তেজঃ। মরুৎ। ব্যোম।

পঞ্চ বিষয়ের নাম।

রূপ। রস। গন্ধ। স্পর্শ। শব্দ।

পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের নাম।

বাক্। পাণি। পাদ। পায়ু। উপস্থ।

পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের নাম।

চক্ষুঃ। কর্ণ। জিহ্বা। নাসিকা। ত্বক্। এবং মন কোন কোন মতে ইন্দ্রিয়ের সহিত গণ্য হইয়া সমুদয়ে একাদশ ইন্দ্রিয় হয়।

পঞ্চ যজ্ঞের নাম।

বেদ পাঠের নাম।	ব্রহ্মযজ্ঞ।	
পিত্রাদি তর্পণের নাম।	পিতৃযজ্ঞ।	
দেবপূজার হোমের নাম।	দেবযজ্ঞ।	মহাযজ্ঞ।
নিত্যপিণ্ডদানের নাম।	ভূতযজ্ঞ।	
অতিথি পূজার নাম।	মনুষ্যযজ্ঞ।	

পঞ্চাঙ্গুলির নাম।

প্রথম অঙ্গুলির নাম।	অঙ্গুষ্ঠ কিম্বা বৃদ্ধাঙ্গুলি।
দ্বিতীয় অঙ্গুলির নাম।	প্রদেশিনী কিম্বা তর্জ্জনী।
তৃতীয় অঙ্গুলির নাম।	মধ্যমা।
চতুর্থ অঙ্গুলির নাম।	অনামিকা।
পঞ্চম অঙ্গুলির নাম।	কনিষ্ঠা।

শরীরস্থ পঞ্চবায়ুর নাম।

প্রাণ। অপান। সমান। উদান। ব্যান।

পঞ্চগব্যের নাম।

দধি। দুগ্ধ। গোমূত্র। গোময়। ঘৃত।

পঞ্চবাণের নাম।

সম্মোহন। উন্মাদন। শোষণ। তাপন। স্তম্ভন

পঞ্চনদের নাম।

শতদ্রু। বিপাশা। ইরাবতী। চন্দ্রভাগা। বিত

পঞ্চরত্নের নাম।

কনক। হীরক। নীলমণি। পদ্মরাগমণি। মুক্তা

পঞ্চ মকারের নাম।

মদ্য। মাংস। মৎস্য। মুদ্রা। মৈথুন।

পঞ্চবটের নাম।

অশ্বত্থ। বিল্ব। বট। ধাত্রী। অশোক।

পঞ্চশস্যের নাম।

ধান্য। মুদ্গ। তিল। যব। শ্বেতসর্ষপ।

দিবসের পঞ্চাঙ্গের নাম।

বার। তিথি। নক্ষত্র। যোগ। করণ।

ভক্ষণীয় পঞ্চনখীর নাম।

শশক। শল্লকী। গোধা। খড়্গী। কূর্ম্ম।

পঞ্চ সুগন্ধের নাম।

লবঙ্গ পুষ্প। কক্কোল। গুবাক। জায়ফল। কর্পূর।

পঞ্চবিধ উপাসকের নাম।

শাক্ত। বৈষ্ণব। শৈব। সৌর। গাণপত্য।

ছয় রসের নাম।

মধুর। লবণ। কটু। তিক্ত। অম্ল। কষায়।

রাজষড়্গুণের নাম।

সন্ধি। বিগ্রহ। যান। আসন। দ্বৈধ। আশ্রয়।

ছয় ঋতুর নাম।

বসন্ত। গ্রীষ্ম। বর্ষা। শরৎ। হিম। শিশির।

ষড় রিপুর নাম।

কাম। ক্রোধ। লোভ। মোহ। মদ। মাৎসর্য্য।

বিশেষ সপ্তছন্দের নাম।

গায়ত্রীছন্দ। উষ্ণিকছন্দ। অনুষ্টুপছন্দ। বৃহতীছন্দ। পংক্তিছন্দ। তৃষ্টুপছন্দ। জগতীছন্দ।

সপ্ত স্বরের নাম।

নিষাদ। ঋষভ। গান্ধার। ষড়জ। মধ্যম ধৈবত। পঞ্চম।

সপ্তদ্বীপের নাম।

জম্বুদ্বীপ। শাকদ্বীপ। শাল্মলিদ্বীপ। কুশদ্বীপ ক্রৌঞ্চদ্বীপ। গোমেদকদ্বীপ। পুষ্করদ্বীপ।

সপ্ত সমুদ্রের নাম।

লবণ সমুদ্র। ইক্ষু সমুদ্র। সুরা সমুদ্র। ঘৃত সমুদ্র দধি সমুদ্র। দুগ্ধ সমুদ্র। জল সমুদ্র।

ঊর্দ্ধ সপ্তলোকের নাম।

ভূর্লোক। ভুবর্লোক। স্বর্লোক। মহর্লোক। জন লোক। তপোলোক। সত্যলোক।

অধো সপ্তলোকের নাম।

অতল। বিতল। সুতল। তলাতল। মহাতল রসাতল। পাতাল। এতদসমুদয়ে চতুর্দ্দশ ভুবন হয়।

সপ্তঋষির নাম।

মরীচি। অত্রি। অঙ্গিরা। পুলস্ত্য। পুলহ। ক্রতু বশিষ্ঠ।

অষ্ট লোহকের নাম।

সুবর্ণ। রজত। তাম্র। রঙ্গ। সীস। কান্তলোহ। মুণ্ডলোহ। তীক্ষ্ণলোহ।

অষ্টবিধ রসের নাম।

শৃঙ্গার। বীর। করুণা। অদ্ভুত। হাস্য। ভয়ানক। বীভৎস। রৌদ্র। এবং শান্তিরসের সহিত একত্র সমুদয়ে নব প্রকার রস হয়।

অষ্টদিক্‌পালের নাম।

ইন্দ্র। বহ্নি। পিতৃপতি। নৈর্ঋত। বরুণ। মরুৎ। কুবের। ঈশ।

অষ্টবসুর নাম।

ধর। ধ্রুব। সোম। সাবিত্র। অনিল। অনল। প্রত্যুষ। প্রভাস।

নববর্ষের নাম।

ভারতবর্ষ। কিন্নরবর্ষ। হরিবর্ষ। কুরুবর্ষ। হিরণ্ময় বর্ষ। রম্যক বর্ষ। ইলাবৃত বর্ষ। ভদ্রাশ্ব বর্ষ। কেতুমালবর্ষ।

দশদিকের নাম।

পূর্ব্ব। অগ্নি। দক্ষিণ। নৈর্ঋত। পশ্চিম। বায়ু। উত্তর। ঈশান। অধঃ। ঊর্দ্ধ।

পাঠিকার পাঠ।

বালকদিগের কর্তব্য কর্ম।

তোমরা জনক জননীর প্রতি সর্ব্বদা ভক্তি ও শ্রদ্ধা করিবে, তাঁহারা যে নিষেধ কিম্বা যে কোন কর্ম করিতে আদেশ করেন তাহাই তৎক্ষণাৎ করিবে, তাঁহারা যদ্যপি কোন বিষয় জন্য তোমাদিগকে ভর্ৎসনা কিম্বা তাড়না করেন তথাপি তাঁহাদিগের প্রতি দুর্ব্বাক্য কহিবে না, তাঁহারা তোমাদিগের জন্মাবধি অসহ্য ক্লেশ সহ্য করিয়া এবং লোভশূন্য হইয়া তোমাদিগকে লালন পালন করিয়াছেন এবং যথাবিধানানুক্রমে তোমাদিগকে যাবৎ বিদ্যা শিক্ষা করাইয়াছেন, আর তোমারদিগের আরোগ্য ও মঙ্গলাকাঙ্ক্ষা সর্ব্বদা ঈশ্বরের নিকট প্রার্থনা করেন অতএব এমত পিতা মাতার প্রতি সর্ব্বদা কায়মনে বাক্যে ভক্তি ও শ্রদ্ধা করিবে।

তোমরা ভ্রাতা ও ভগিনী দিগকে সর্ব্বদা স্নেহ করিবে তাহাদিগের প্রতি কদাচ কটূক্তি কিম্বা তাড়না করিবে না এবং কোন বিষয় জন্য তাহাদিগের সহিত কলহ করিবে না, যদ্যপি তোমাদিগের কোন অভিলষিত দ্রব্য তাহারা গ্রহণ করে

তথাপি তাহাদিগের প্রতি কোপ করিবে না, এবং তাহা বল-পূর্ব্বক লওনের চেষ্টা পাইবে না। গুরু লোক এবং বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদিগকে দেখিয়া সমাদর ও মান্য করিবে এবং আত্মীয় ও প্রতিবাসী এবং বন্ধুবর্গের সহিত কদাচ বিবাদ করিবে না, সকলের প্রতি প্রীতি রাখিবে, তাহা হইলে সর্ব্বজনের প্রিয় পাত্র হইবে।

যে বিষয়ে তোমাদিগের কোন সম্পর্ক না থাকে তাহাতে কদাচ লিপ্ত হইবে না, পর দ্রব্যের প্রতি কখনো লোভ করিবে না এবং কাহারও দ্রব্য অনুমতি ব্যতিরেকে স্পর্শ করিবে না, এবং আপন ইচ্ছাতে অন্যের একটি সামান্য দ্রব্যও গ্রহণ করিবে না।

তোমরা মিথ্যা কহিবে না, কারণ অনৃত কথনে ইহলোকে অপমান ও পরলোকে ক্লেশ পাইতে হয় অতএব সর্ব্বদা সত্য কহিবে, যে কোন বিষয় কিম্বা প্রস্তাব বর্ণন করিবে তাহা যথার্থ রূপে বলিবে এবং যে রূপ শ্রবণ করিয়াছ তদনুসারী বলিবে স্বারোপিত বিষয় কদাচ কহিবে না।

তোমরা কোন বিষয় স্বীকৃত হওনের পূর্ব্বে উত্তম রূপে বিবেচনা করিবে যে আমরা এ বিষয় নিষ্পা

দন করিতে পারিব কি না তবে প্রতিশ্রুত হইবে যেহেতু স্বীকার করিয়া পশ্চাতে প্রতিপালন করিতে না পারিলে মিথ্যাবাদী হইবে তখন তোমাদিগের বাক্যে আর কেহ বিশ্বাস করিবে না।

যদ্যপি তোমরা কোন গর্হিত কর্ম্ম কর তথাপি জিজ্ঞাসা করিলে অস্বীকার যাইবে না, কারণ সত্য বাদীকে কেহ অপমান ও অশ্রদ্ধা করেন না এবং শাস্ত্রেতেও কথিত আছে যে সত্যের সমান আর ধর্ম্ম নাই এবং সত্য হইতে প্রকৃষ্ট বস্তু আর কিছুই নাই।

তোমরা সর্ব্বদা সুশীল ও শান্ত হইবে কাহাকেও পরুষ বাক্য প্রয়োগ করিবে না, কারণ দুঃশীল ও কটুভাষী ব্যক্তিরা কখন কাহারও প্রিয়ভাজন হয় না। যদ্যপি তোমরা কোন প্রার্থিত দ্রব্য না পাও তন্নিমিত্তে কাহাকেও বিরক্ত কিম্বা কাহারও প্রতি ক্রোধ করিবে না।

তোমরা বৃদ্ধ ও বিকলাঙ্গ কিম্বা ব্যাধিগ্রস্ত ব্যক্তিকে দেখিয়া কখনো উপহাস করিবে না, এবং কোন ব্যক্তির দুঃখ দেখিয়া আহ্লাদিত হইবে না, বরং তাহাদিগের দুঃখ মোচন জন্য তোমাদিগের পিতা মাতাকে কহিবে। তোমরা ক্রীড়ামোদে মত্ত হইয়া

নির্ষ্ঠুর বালকদিগের ন্যায় পশু পক্ষি কীট পতঙ্গাদি হত্যা করিবে না, এবং তাহাদিগকে কোন প্রকারে যাতনা দিবে না।

তোমরা কখন দুশ্চরিত্র ও অসৎ বালকদিগের সহিত আলাপ করিবে না, যদি তাহাদিগের সহিত সহবাস কর তবে সেইরূপ তোমাদিগেরও ব্যবহার হইবে, এবং সকল লোক তোমাদিগকে অনাদর করিবে।

তোমরা শিক্ষাগুরুর প্রতি সর্ব্বদা ভক্তি রাখিবে তিনি যে রূপ আজ্ঞা করিবেন সেই রূপ করিবে এবং বিদ্যাভ্যাসের নিমিত্ত অতিশয় শ্রম করিবে প্রত্যহ নিয়মিত কালে পাঠশালায় যাইবে সে স্থানে বালকদিগের সহিত কলহ কিম্বা বিবাদ করিবে না মনোযোগ পূর্ব্বক এক স্থানে বসিয়া পাঠাভ্যাস করিবে।

তোমরা গুরুলোকদিগের নিকট কখন চাপল্য প্রকাশ করিবে না সর্ব্বদা বিনীত থাকিবে এবং তাঁহারা যে যে গ্রন্থ অধ্যয়ন করিতে আদেশ করেন তাহাই,অভ্যাস করিবে।

সমকার্থ শব্দাবলি।

অংশ	ভাগ।	অশিত	ভুক্ত।
অংস	স্কন্ধ।	অসিত	কৃষ্ণবর্ণ।
অণু	অতি ক্ষুদ্র।	অশ্ব	ঘোটক।
অনু	উপসর্গবিশেষ।	অস্ব	নির্ধন।
অনিশ	সর্ব্বদা।	অশাম্য	অশমনীয়।
অনীশ	অস্বামী।	অস্বাম্য	অস্বামিত্ব।
অনিষ্ট	মন্দ।	আজ	অদ্য।
অন্বিষ্ট	অন্বেষণ করা।	আজ্ঞ	অচেতন।
আধুত	কম্পিত।	আপণ	পণ্যবীথী।
অবধূত	উদাসীন।	আপন	স্বীয়।
অবান্তর	অনৈক্য।	আভাষ	ভূমিকা।
অবন্তী	দেশবিশেষ।	আভাস	সদৃশ।
অম্বরিষ	ভাজনাখোলা।	আশন	বৃক্ষবিশেষ।
অম্বরীষ	বিষ্ণুর নাম।	আসন	বসিবারস্থান।
অশন	ভোজন।	আশা	আকাঙ্ক্ষা।
অসন	বৃক্ষ বিশেষ।	আসা	আগমন।

আশী	ভোক্তা,অহিদন্ত	ঋত	সত্য।
আসি	গমন করি।	রীত	ব্যবহার।
আশ্য	অশনীয়।	করি	কর্ম্ম করি।
আস্য	মুখ।	করী	হস্তী।
আশ্রব	অঙ্গীকার।	কর্ষণি	পুংশ্চলী।
আস্রব	ক্লেশ।	কর্ষণী	বৃক্ষবিশেষ।
আহুতি	হোম।	কশা	কোড়া।
আহূতি	নিমন্ত্রণ।	কষা	কটুরস, কৃপণ।
ইতি	সমাপ্তি।	কশেরু	মেরুদণ্ড।
ঈতি	উপদ্রব বিশেষ।	কসেরু	কেশুর।
ইষ	আশ্বিনমাস।	কষ	কষ্টিপাথর।
ঈশ	মহাদেব।	কস	মুখের প্রান্তভাগ।
উৎকুট	চিৎ হইয়া শয়ন।	কশ্য	অশ্বের মধ্যভাগ।
উৎকূট	ছত্র।	কস্য	কাহার।
উরু	বিশাল।	কণ	সূক্ষ্ম।
ঊরু	উরৎ।	ক্বণ	শব্দ।
ঋণ	কর্জ্জ।	কাতারি	ঘট কলসী।
রীণ	ক্ষরিত জলাদি।	কাতারী	অস্ত্রবিশেষ।

কারি	ক্রিয়া।	কুজন	মন্দ ব্যক্তি।
কারী	বৃক্ষবিশেষ।	কূজন	পক্ষির ধ্বনি।
কার্শা	ক্ষীণতা।	কুণি	তুঁতগাছ।
কার্ষ্য	শালবৃক্ষ।	কুণী	নখকুণী।
কাষ্ণি	কামদেব।	কুল	বংশ।
কাষ্ণী	শতাবরীলতা।	কূল	নদীতীর।
কাশ্যপি	সূর্য্যসারথি।	কুলি	হস্ত।
কাশ্যপী	পৃথিবী।	কুলী	কণ্টকারিবৃক্ষ।
কাশ	তৃণভেদ।	কুলবতী	সুশীলাস্ত্রী।
কাস	রোগবিশেষ।	কূলবতী	নদী।
কিরাতি	গঙ্গা।	খাটি	খড়া।
কিরাতী	দুর্গা।	খাটী	শুদ্ধ।
কিরিটি	হিন্তাল ফল।	খুর	শফ।
কিরিটী	অর্জুন।	ক্ষুর	নাপিতাস্ত্রভে
কিল	নিশ্চিত।	খুষণ	কাশন। [করণ
কীল	শঙ্কু।	খুসন	শস্যপরিষ্কার
কুকিল	পক্ষিবিশেষ।	গদি	শয্যাবিশেষ।
কুকীল	পর্ব্বত।	গদী	বিষ্ণু।

গবাখ্য গোনামক।
গবাক্ষ বাতায়ন।

ঘষি ঘর্ষণ করি।
ঘাসি ভোজন।

চাষ কৃষিকর্ম্ম।
চাস পক্ষিবিশেষ।

চির বহুকাল।
চীর জীর্ণবস্ত্রখণ্ড।

চূচুক স্ত্রী চিহ্ন।
চূত আম্রফল।

চুড়ী হস্তাভরণবিশেষ
চুরি তস্করবৃত্তি।

চুপ নিরব।
চুম্ব বদন।

জনি উৎপত্তি।
জনী সীমন্তিনী।

জরণ হিংস্র।
জরন বৃদ্ধ।

জরী জীর্ণ।
জ্বরী জ্বররোগযুক্ত।

জড় মূক।
যড় সঞ্চিত।

জতুক হিঙ্গু। [বিশেষ।
যতুক শরীরের চিহ্ন

জব বেগ।
যব শূকধান্য।

জবন বেগযুক্ত অশ্ব।
যবন ম্লেচ্ছ জাতি।

জাচন অনুসন্ধান।
যাচন ভিক্ষা করণ।

জাতি বর্ণ, কুল।
যাতি গমন।

জাতি কুল।
জাতী পুষ্পবিশেষ।

জাত জন্মবিশিষ্ট।
যাত গত।

জাতু কদাচিৎ।
যাতু রাক্ষস।

জালি কুহকী।
যান বাহন।

জাপন নিরসন।
যাপন কালক্ষেপণ।

জাম গন্ধফল।
যাম প্রহর।

জার উপপতি।
যার যাহার।

জেমন ভোজন।
যেমন যে রূপ।

তার্ক্ষ কশ্যপমুনি।
তার্ক্ষ্য গরুড়।

তুস-তুষ ধান্যত্বক্।
তুষ আনন্দ।

তক্ পর্য্যন্ত।
ত্বক্ চর্ম্ম।

দশাশ্ব চন্দ্র।
দশাস্য রাবণ।

দশ সংখ্যাবিশেষ
দস উৎক্ষেপণ।

দারা ভার্য্যা। [শব্দ
দ্বারা করণবোধার্থ

দারি বিদারক।
দারী ব্যভিচার ক্রিয়

দারি বিদারক।
দ্বারী দ্বারপাল।

দাতৃ দাতা।
দাস্য দাসত্ব।

দিন দিবস।
দীন দুঃখী।

দুন দ্বিগুণ।
দূন পথশ্রান্ত।

দেশ জনপদ।
দ্বেষ হিংসা।

দেশ্য	দেশীয়।
দ্বেষ্য	শত্রু।
দূতী	দৌত্যকর্ম্মে নি-
দ্যুতি	কিরণ। যুক্তাস্ত্রী
দূত	বার্ত্তাবহ।
দ্রুত	পালিত
দিক্	পূর্ব্বাদিদশদিক্।
দ্বিক্	দ্বয়।
দ্বিপ	হস্তী। বেষ্টিতস্থান
দ্বীপ	চতুর্দ্দিকে জল। ব-
ধনী	ধনবান্।
ধ্বনি	শব্দ।
ধন্য	কৃতকর্ম্মা।
ধন্ব	ধনুক।
নাশ	ধ্বংশ।
নাস	নাসা।
ন্যায়	তর্ক।
ন্যূন	ঊন।

নিশাদ	ব্যাধ।
নিষাদ	স্বরবিশেষ।
পঙ্ক্তি	পাইক্ত।
পঞ্জী	পঞ্জিকা
পরি	উপসর্গবিশেষ
পরী	দেবযোনি।
পরুষ	নিষ্ঠুর বাক্য।
পরূষ	ফলবিশেষ।
পাতি	প্রভু।
পাতী	পতনশীল।
পিশী	জটামাংসী।
পিসী	পিতৃষ্বসা।
পিতা	জনক।
পীতা	হরিদ্রা।
পুর	গৃহ।
পুরঃ	অগ্রতঃ।
পূতিক	বিষ্ঠা।
পূতীক	গন্ধমার্জ্জার

পুনঃ	দ্বিতীয়বার।	বারি	জল।
পুন	নষ্ট।	বারী	হস্তিবন্ধনার্থ [রজ্জু।]
পৃশ্নি	ক্ষীণদেহ।	বারিশ	বিষ্ণু।
পৃশ্নী	বারিপর্ণী।	বারীশ	সমুদ্র।
প্রাকৃক্ষশ	দূর।	বারুণি	মুনিবিশেষ।
প্রাক্তক্ষব	শ্মশ্রুরজ্জু।	বারুণী	মদিরা।
প্রভাস	বস্তুবিশেষ।	বালধি	পুচ্ছ।
প্রভাস	তীর্থবিশেষ।	বালধী	বালকবুদ্ধি।
পরশ্ব	পরপর দিবস।	বিপণি	হট্ট।
পরস্ব	পরধন।	বিপণী	বণিক।
বক্রি	মিথ্যাবাদী।	বিনাশ	ধ্বংস।
বক্রী	বাঁকা।	বিনাস	গতনাসিক।
বণ	শব্দ।	বিশ	সংখ্যাবিশেষ।
বন	অরণ্য।	বিষ	গরল।
বশি	বশ্যতা।	বিশ	সংখ্যাবিশেষ।
বশী	জিতেন্দ্রিয়।	বিস	মৃণাল।
বামণ	ব্রাহ্মণ।	বিশদ	নির্ম্মল।
বামন	খর্ব্ব।	বিষদ	বিষদাতা।

বিধি	ব্রহ্মা।	ভাষণ	কথন।
বিধী	বিশিষ্টবুদ্ধি।	ভাসন	জলেভাসা।
বিনা	ব্যতিরেক।	ভাশুর	পতিরজ্যেষ্ঠভ্রাতা।
বীণা	বাদ্যযন্ত্রবিশেষ	ভাস্বর	দীপ্তিযুক্ত।
বুড়ি	পাঁচগণ্ডা।	ভাষ্য	কথ্য,গ্রন্থবিশেষ
বুড়ী	বৃদ্ধাস্ত্রী।	ভাস্য	প্রকাশ্য।
বুলি	স্ত্রীপক্ষ।	ভ্রমি	ভ্রমণ।
বুলী	ভাষা।	ভ্রমী	ভ্রমবিশিষ্ট।
বৃশ	মূষিক।	মন	চল্লিশসের।
বৃষ	ষণ্ড।	মনঃ	অন্তঃকরণ।
ব্রহ্মযোনি	পর্ব্বতবিশেষ।	মতি	বুদ্ধি।
ব্রহ্মযোনী	তীর্থবিশেষ।	মতী	পক্ষপাতী।
ব্যশন	বিগতাশন	মহিষ	পশুবিশেষ।
ব্যসন	দুঃখ	মহীশ	ভূপতি
ভঙ্গ	তরঙ্গ।	মালি	রাক্ষসবিশেষ।
ভঙ্গী	শিরীষবৃক্ষ।	মালী	মালাকার।
ভষণ	কুক্কুরেরশব্দ।	মাষ	কলাইবিশেষ।
ভসন	ভ্রমর।	মাস	মাহ, মাংস।

মিল	সংযোগ।	শং	কল্যাণ।
মীল	কানন।	সং	উপসর্গবিশেষ।
মুষল	গদা।	শকট	গাড়ী।
মুসল	কণ্ডুনীদণ্ড।	সকট	শাওড়াগাছ।
রোহি	বীজ।	শকল	খণ্ড।
রোহী	বটবৃক্ষ।	সকল	সর্ব্ব।
লবণ	ক্ষার।	শক্ত	দৃঢ়।
লবন	ছেদন।	সক্ত	আসক্ত।
লসিকা	লাল।	শকৃৎ	বিষ্ঠা।
লসীকা	ইক্ষুরস।	সকৃৎ	একবার।
শক্করি	বৃষ।	শঙ্কর	মহাদেব।
শক্করী	ছন্দোবিশেষ।	সঙ্কর	বর্ণসঙ্করজাতি।
শালি	ধান্যবিশেষ।	শপ্ত	শাপগ্রস্ত।
শালী	ভার্য্যারভাগিনী	সপ্ত	সংখ্যাবিশেষ
শীষ	ধান্যাদিরশীর্ষ।	শব	মৃতদেহ।
শীশ্	মুখশব্দবিশেষ।	সব	সর্ব্ব।
শৃধ্	বুদ্ধি।	শবর	ম্লেচ্ছজাতি।
শৃধু	কুৎসিত।	সবর	সলিল।

শবল	ভস্মবর্ণ।	শাক	লতাবৃক্ষবিশেষ।
সবল	বলবান।	সাক	সহিত।
শম	মোক্ষ।	শাখ্য	শাখাসম্বন্ধীয়।
সম	সমান।	সাখ্য	বন্ধুত্ব।
শমতা	শান্তি, ধৈর্য্যতা।	শাটি	বস্ত্রবিশেষ।
সমতা	[illegible]।	সাটি	সম্পাতা।
শমির	শাঁইগাছ।	শাত	সুখ, কৃশ।
সমির	বায়ু।	সাত	সংখ্যাবিশেষ।
শমীক	মুনিবিশেষ।	শাণ	শাণপাথর।
সমীক	যুদ্ধ।	সান	চৈতন্য।
শর	বাণ।	শাপ	অভিসম্পাত।
সর	সরোবর।	সাপ	সর্প।
শরণ	রক্ষণ।	শামনী	দক্ষিণদিক্।
সরণ	গমন।	সামনী	পশুবন্ধনার্থ রজ্জু।
শরা	শরাব।	শিত	দুর্ব্বল।
সরা	নির্ঝর।	সিত	শুক্লবর্ণ।
শর্ব্ব	শিব।	শির	শিরা।
সর্ব্ব	সকল।	সীর	সূর্য্য।

[ঋ]

শীন	অজাগরসর্প।	শ্রবণ	কর্ণ।
সিন	শুক্লগুণবিশিষ্ট।	স্রবণ	ক্ষরণ।
শীতাঙ্গ	শীতলঅঙ্গ।	শ্বগণ	কুকুরসমূহ।
সিতাঙ্গ	শ্বেতরোহিতমৎস্য	স্বগণ	আত্মীয়বন্ধু।
শূক	শুঁয়াপোকা।	শান্ত	শান্তিযুক্ত।
সূক	বাণ, বায়ু।	স্বান্ত	মনঃ।
শুক্ত	মাংস।	শ্বান	কুকুর।
সূক্ত	বেদোক্তস্তোত্র।	স্বান	শব্দ।
শূকর	পশুবিশেষ।	শল্ক	ত্বক্।
সূকর	সুসাধ্য।	সল্ব	দেশবিশেষ।
শুচি	শুদ্ধ।	সিতা	শর্করা।
সূচি	সূঁচ।	সীতা	শ্রীরামপত্নী।
শূম	স্পন্দ।	সুত	পুত্র।
সূম	ক্ষীর, জল।	সূত	সারথি।
শুনী	কুকুর।	সুতী	পুত্রবান।
সূনী	ব্যাধ।	সূতি	জনন।
শোণা	শোণবর্ণা।	সুতা	কন্যা।
সোণা	স্বর্ণ।	সূতা	সূত্র।

ভাষার এক প্রদেশিক সঙ্কেত।

আং	আসামী। [ইস্তক	দাং	দাদন; দাখিল।
ইং	ইরাজী; ইসাদী;	দিং	দিগর।
উং	উসুল; উত্তর।	নং	নগদ; নম্বর।
ওং	ওয়াসিল। [কিস্তী	পং	পরগণা; পশ্চিম।
কিং	কিসমত; কিস্তীবন্দী	পুং	পুনশ্চ।
কৈং	কৈফিয়ৎ।	পূং	পূর্ব্বদিক।
গঙ্গ,	গঙ্গোপাধ্যায়।	পাং	পাইক।
গুং	গুজরত।	পেং	পেযাদা।
চং	চলিত।	প্রং	প্রশ্ন।
চট্টো,	চট্টোপাধ্যায়।	ফাং	ফাজিল।
চাং	চালান; চাকর।	ফৈং	ফরিয়াদী।
চিং	চিঠা।	বং	বকলম, বরাবর।
জাং	জামিন; জানিব।	বন্দ্য	বন্দ্যোপাধ্যায়।
জিং	জিম্মা; জিনিস।	বাং	বাঙ্গালা; বাবাৎ।
ঝুং	ঝুমুল।	বিং	বিতং; বিমর্জ্জিম।
জেং	জেলা।	বেং	বেস্মিন।
তং	তরফ; তফসীল।	মং	মণ্ডল; মবলগ।
তাং	তারিখ; তালুক।	মাং	মারফত; মাসুল; মাহ।
দং	দরুণ; দক্ষিণ; দূর।	মুখ	মুখোপাধ্যায়।

মোং মোকাম। সং সংজমা।
মৌং মৌজা। সাং সাকিন, সাক্ষী।
যোং যোত, যোড়া। হাং হাওয়ালাত।
লাং লাগাএৎ। হিং হিসাব, হিস্সা।

জকার ভেদ।

জগন্নাথ জগদীশ জয় জনার্দ্দন।
জ্যোতির্ম্ময় জগন্ময় জঙ্গম জীবন॥
জনক জননী জন্ম জাহ্নবী জয়ন।
জীর্ণ জ্বর জ্বালা জঞ্জা জপ জরা জন॥
জয়ন্ত জরায়ু জৃম্ভা জম্বুক জল্পন।
জীবিকা জিগীষা জ্যোৎস্না জলদ জন্তন।
জায়া জিহ্বা জলৌকস জন্য জাগরণ।
জীরক জম্বীর জার জানু জ্যা জক্ষণ॥
জাপ্য জড় জাতীফল জয়ন্তী জঘন।
জনতা জর্জ্জর জাতি জঙ্গুল জবন।
জতুক জাতুক জম্বু জম্বাল জপন।
জবন জিজ্ঞাসা জন্য জারজ জিওন॥

জ্যেষ্ঠ জৈষ্ঠ জ্যোতিষ জাঙ্গাল জুগুপ্সন।
জামাতা জঠর জৈন জালিক জাপন॥
জীমূত জনমেজয় জটা জটাজূট।
বর্ণ জকারাদি শব্দ ভাষা স্ফুটাস্ফুট॥
পরাজয় উদ্বেজন উপার্জ্জন।
ভুজগ ভুজঙ্গ কুজন বর্জ্জন॥
যাজন রাজন ভোজন ত্যাজন।
রজনী রাজীব তর্জ্জনী তর্জ্জন।
সজনা রঞ্জন অর্জুন গর্জ্জন।
ভঞ্জন গঞ্জন রক্ষক গুঞ্জন।
মঞ্জুল বঞ্জুল কজ্জল অঞ্জন
রজত কিঞ্জল্ক খর্জুর খঞ্জন।
ধনঞ্জয় মৃত্যুঞ্জয় বিসর্জ্জন।
বিজয় দুর্জ্জয় অজয় মার্জ্জন॥
অজগর পঞ্জর ধূর্জটি ভঞ্জন।
যোজন মজ্জন ভর্জন গঞ্জন॥
পারিজাত যজমান নিয়োজন।
শব্দমধ্য স্থিত জ কৃত বর্ণন॥
পূজা পুঞ্জ রাজ্য রাজা ভুজ বাজী গজ।
ভোজ্য দ্বিজ মুঞ্জা নিজ লজ্জা প্রজা রজঃ॥

…তেজঃ বীজ মজ্জা খঞ্জ কুব্জ ।
রজ্জু রাজ বিভঞ্জ কালজ্ঞ সজ্জ অব্জ ॥
আত্মজ শৈলজ কুজ সরোজ পঙ্কজ ।
কুঞ্জ পুঞ্জ রঞ্জাদয় পদান্ত বর্গজ ॥

ণকার ভেদ ।

গণ পণ গুণ ঘুণ শণ শোণ শাণ ।
পক্কণ কঙ্কণ কিণ বেণু কোণ কাণ ।
কল্যাণ টঙ্কণ এণ ভ্রূণ ব্রণ তূণ ।
চিক্কণ আপণ অণু মৃড়ঙ্কণ হূণ ॥
নিপুণ মৎকুণ স্থূণ সিঙ্ঘাণ লবণ ।
উল্বণ সিংহাণ ক্বণ নিক্বাণ সুক্কণ ॥
অঙ্গণ নিক্কণ লোণ কণ্ কিণ্ পণ্য ।
ঘোণা বেণী ফণা কুণি কিঙ্কিণী লাবণ্য
স্থাণু বাণী চিক্কণী বিপণি চিন্তামণি ॥
পাণি বীণা তূণী ফণী কুবেণী কফোণি
পিণাক কৌণপ মণিমণ্ডপ চণক ।
শোণিত কুণপ পাণ চাণূর আণক ॥
গণণ ফাল্গুণ ফেণ আদি কতিপয় ।
মতান্তরে দন্ত্য ন জানিবেক নিশ্চয় ॥

শকার ভেদ

শিব শুভ শম্ভু শুম্ভ শঙ্কর শম্বর ।
শিলা শিলী শুল্ক শুক্তি শলাক শম্বর ॥
শশাঙ্ক শীতাংশু শশী শূর শূব শীর ।
শিশির শর্করা শীধু শেখর শরীর ॥
শোচিঃ শুচি শঙ্ক শিষ্ট শোভা শোভাঞ্জন ।
শাস্ত্র শস্ত্র শুঙ্ক শেক্ষ শালূর শাসন ॥
শান্ত শাক শর্ব্ব শত শিত শ্বেত শুক্র ।
শ্লথ শ্লেষ শপথ শ্বশ্রু শ্লক্ষ্ণ শক্র ॥
শলাট্ট শলভ শাটী শুণ্ঠী শঠ শল্য ।
শাখা শিখা শিখী শঙ্খ শিখণ্ড শাণ্ডিল্য ।
শোক শৈব শেফালিকা শফর শালূক ।
শুক শুন শাক শাকা শকট শম্বুক ॥
শমন শরভ শুভ্র শ্বভ্র শালি শূন্য ।
শ্লাঘ্য শীঘ্র শিগ্রু শিশু শ্বশুর শরণ্য ॥
শ্যামল শাদ্বল শৈল শকল শার্দ্দূল ।
শকুল শিথিল শীল শেল শক্তি শূল ॥
শক্র শঙ্কা শিল্পী শিক্ষা শারঙ্গ শশ্বৎ ।
শূদ্র শাদ শটিত শিতি শ্লীপদ শরৎ ॥
শনৈঃ শীর্ণ শোণ শয্যা শিঞ্জা শিফা শনি ।
শাম্ব শিম্ব শম্পা শিত্র শকুন্তি শকুনি ॥

শাল্মলি শিংশপা শাল শৈবাল শ্রীকর।
শম শমী শ্মশ্রু শ্বশ্রু শ্মশান শীকর॥
শব শুক্ল শ্যাম শূর্প শ্যালক শম্বল।
শাশ্বত শিলীন্ধ্র শৌণ্ড শর্ব্বলা শবল॥
শ্রান্ত শ্রম শ্রেয়ঃ শ্রেষ্ঠ শ্রদ্ধা শ্রুতি শ্রেণী।
শূকর শৃগাল শৃঙ্গ শ্লোক শৃণি শ্রোণী॥
শ্রপিতা শ্রাবণ শ্রুত শ্রবণ শৃঙ্গার।
শব্দ আদ্যে ভাষা পদ্যে তালব্য শকার॥

কেশর কশ্যপ ঈশ্বর আশ্রয়।
অশোক কৌশিক দর্শন আশয়॥
কুশল কশ্মল আশ্বাস নিশ্চয়।
উশীর কাশ্মীর বিশ্বাস সংশয়॥
নিশিত পিশিত কশেরু দশন।
বিশাখ নিশীথ বিংশতি দংশন॥
লশুন আশ্বিন কিশোর উশন।
অনুশয় অশ্রু অশ্বত্থ অশন॥
পিশাচ পিশঙ্গ প্রশ্ন বিশ্ব অশ্ম।
অবশ্য অশনি রশ্মি পশু বেশ্ম॥
অশেষ বিশেষ কশিপু বশতঃ।
তালব্য শ মধ্যে অন্যাদি অন্ততঃ॥

কেশ বেশ ক্লেশ লেশ বিনাশ হুতাশ।
সন্দেশ অঙ্কুশ কাশী দংশ বংশ পাশ॥
প্রবেশ আক্রোশ ক্রোশ নিবেশ আকাশ।
দশ যশঃ নিশি দিশা দর্শন প্রকাশ॥
ঈশ দিশ আশা রাশি কুশ আশু কাশ।
পলাশ সদৃশ স্পর্শ অঙ্কুশ সকাশ॥
বড়িশ অনিশ বশ গণেশ লোমশ।
নাশ দেশ অনেকশ অংশু অংশ নাশ।

ষকার ভেদ।

মূর্দ্ধন্য ষকারান্তে লিখিত সুস্পষ্ট।
ষষ্ঠী ষণ্ড ষষ্টি জ্যৈষ্ঠ অষ্টাদশ নষ্ট॥
দ্বিভীষণ ভীষণ ভূষণ বিশেষণ।
পুষ্কর নিষেধ তুষ গোষ্পদ ঘোষণ॥
বিষাদ ঔষধ পুষ্প ভাষণ দুষ্কর।
দূষণ দৃষ্টান্ত দৃষৎ শষ্প উষাকর॥
গবেষিত ঐষী পৌষ তুরুষ্ক পাষাণ।
কুষ্মাণ্ড পাষণ্ড নিষ্ক কষায় বিষাণ॥
বার্দ্ধুষিক মূষিক হৃষীক অভিষেক।
চষক পোষক ঝষ প্রত্যূষ নিষেক॥

তুষার ভেষজ মূষা বিষাণ পোষণ।
আষাঢ় যোষিৎ বিষন্ন বিষল তোষণ ।।
বশিষ্ঠ শুষির ক্লিষ্ট নিষুণ্ড কুষম।
ঐষম মর্ষণ অভিষঙ্গিন বিষম ।।
নিষঙ্গ নিষাদ ভাষ্য প্রেষ্য শিষ্য গ্রীষ্ম।
নিষধ দূষিকা ওষ্ঠ উষ্ম বর্ষা ভীষ্ম ।।
উন্মেষ করীষ বর্ষ মেষ অম্বরীষ।
অমর্ষ পুরীষ বিষ কলুষ কিল্বিষ ।।
গণ্ডূষ পুরুষ তুষ যূষ ওষ রূষ।
পীযূষ পরুষ মূষক মুমূর্ষু রুষ ।।
কল্মষ প্রদোষ জুষ রোষ দোষ তর্ষ।
রুষ বর্ষা বেষ শেষ মাষ কোষ হর্ষ ।।
কষ কর্ষ মেমুষী বিশেষ দ্বিষ দ্বেষ।
মহিষ শিরীষ শ্রেষ্ঠ প্লুষ শ্লেষ্মা শ্লেষ ।।
তৃষা চষা নিকষা ত্রপুষ শীর্ষ মঞ্জুষা।
ইষু অভিলাষ ঈর্ষা যোষা তৃষা ভাষা ।।

সকার ভেদ।

সর্ব্বজ্ঞ সচ্চিদানন্দ সহায় সম্প্রতি।
সমাসঙ্গ সংক্ষেপ সমাচার সম্মতি ।।

সমস্যা সমুদ্র সিদ্ধি সমূহ সুন্দর ।
সভ্য সব্য সেবা সর্ব্ব সম সদ্য সর ॥
সীতা স্মিত সিত স্রোত সারস্বত সরল ।
সাম সোম সঙ্গম সীম সরিৎ সকল ॥
সত্তা সক্থ্ সিক্ত সক্থি স্বর সচি স্বান্ত ।
সুধা স্নান সের স্বেদ সরজ সীমন্ত ।
সদা সৌর স্বদ সদ্যঃ সপদি স্যন্দন ॥
স্বাদু স্ব সমক্ষ স্বর্গ সঞ্চয় সদন ।
সৃণি সূচি সূত্র সৌরি সহস্র সমর ।
সমস্ত সরণি স্বামী সমীর সাগর ॥
সরীসৃপ সর্পী সর্প সূর্প সূত সার ।
সুর সূর্য্য সতা স্বচ্ছ সংযম সংসার ॥
সন্ধি সন্ধ্যা স্বাহা সিন্ধু সমীরণ শ্বাস ।
সাধন সময় সার্থ সচিব সমাস ॥
সান্দ্র সুন্দ্র সামঞ্জস্য সীসক সারস ॥
সঙ্কুল সংবাদ স্রুক্ সরট সরস ॥
সলিল সৈন্ধব সাল সারসী সম্বর ।
সুরা সূক্ষ্ম সোমা সামা সাক্ষী স্বয়ম্বর ॥
সতী সত্য সিংহ সুখ সবিতা সেবক ।
সাধু সপ্ত সনক সেক সৃজৎ সায়ক ॥

সনৎকুমার সুত সুবর্ণ সুম সহ।
স্বর্ণ সাধ সুর স্বাপ সুক্তিকা সন্দেহ ॥
বিকসিত বাবসিত প্রসার কাসার।
প্রসিসরু বিসর ধূসর পরিসর ॥
প্রসাদ ভাস্কর আকস্মিক বিবিৎসব।
অবসর বসুদেব অসুর আসব ॥
কুসুম বসুধা উৎসেচন অসম্বর।
গোসব মসৃণ বসু মসুর অম্বর ॥
বাসন সিংহাসন অমাবস্যা ব্যাসঙ্গ।
অসময় বাৎস্যায়ন রাসভ প্রসঙ্গ ॥
বেসার বসন্ত অনসূয়া প্রবাস।
কিসলয় পরাসর বাসর উল্লাস ॥
বুভুৎসু কৌসুম গ্রাস ত্রাস হাস কাস।
প্রকাস বিলাস দাস কৃকলাস রাস ॥
তমিস্র অজস্র মৃৎস্না হ্রস্ব আস্য হাস্য।
প্রশস্ত বাসর কুৎস্ন জ্যোৎস্না অম্বোপাস্ত
বীভৎস দিবস বস সরবীক স্বেদ।
সংক্ষেপে বর্ণিত অকারাদি শব্দ ভেদ।

ইতি প্রথম পরিচ্ছেদঃ।